

জেলা ইনোভেশন টিমের ফেব্রুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী


সভাপতি : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
সভার তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় : বিকাল ৩.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি মহোদয় জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। জুম প্ল্যাটফর্মে সংযুক্ত সদস্যদের পরিচয় পর্ব শেষে সভাপতি কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব গ্রহণ	সভাপতি মহোদয় সভার সদস্যদের পূর্বের ন্যায় অবহিত করেন যে, বিভিন্ন দপ্তর তাদের কার্যক্রমকে সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন করে চলেছে। প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের উদ্ভাবন সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়ে থাকে।	উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের গৃহীত উদ্ভাবনী কার্যক্রম এ কার্যালয়কে অবহিতকরণের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
২.	রাজশাহী কলেজ	রাজশাহী কলেজ এর প্রতিনিধি বলেন যে, শীতের মৌসুমে ইনোভেশন মেলা আয়োজন করার জন্য আলোচনা করা হলেও জানুয়ারি মাসে করোনার প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় বিষয়টি স্থগিত করা হয়েছে। তবে এ মাসের ২৫-২৮ তারিখ ভারত-বাংলাদেশের মিলন মেলা এবং সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন হবে রাজশাহী কলেজ মাঠে। এ উপলক্ষে রাজশাহী কলেজকে বর্ণাঢ্যরূপে সাজানোর কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। তিনি সভার সদস্যদেরকে সপরিবার ও সবাধ্বব উক্ত মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণ জানান। তিনি আরো জানান যে, রাজশাহী কলেজ ডিজিটাল কার্যক্রমে অনেক এগিয়ে গেছে। করোনার কারণে সশরীরে উপস্থিতির পরিবর্তে অনলাইন ক্লাস চলছে। অনলাইন ক্লাস সিস্টেমটি আরো বেশি ফলপ্রসূ করার বিষয়েও পরিকল্পনা চলমান রয়েছে।	ইনোভেশন কার্যক্রম বেগবান করার লক্ষ্যে আলোচ্য ধারা অব্যাহত রাখার উপর সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উর্দ্ধতন দপ্তর হতে নির্দেশনা পাওয়া গেলে মেলা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। আগামী ২৫-২৮ ফেব্রুয়ারি ২০২২ রাজশাহী কলেজ মাঠে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও মেলায় সকলকে আমন্ত্রণ জানানো হলো।	১. অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী ২. জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়	ভারপ্রাপ্ত প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী Online Exam System সম্পর্কে বলেন যে, অনলাইন এই প্ল্যাটফর্মটিকে আরো বেশি ফলপ্রসূ করার বিষয়ে পরীক্ষা নিরীক্ষার কার্যক্রম চলমান রয়েছে।	Online Exam System টিতে আরো কী কী নতুন মডিউল যুক্ত করা যায় তা সবার মাঝে তুলে ধরার সিদ্ধান্ত গৃহীত হলো।	ভারপ্রাপ্ত প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর প্রতিনিধি সভাকে জানান যে, ড্রাইভ এ্যাপ্লিকেশনটি অনুমোদন ও বাংলাদেশের সকল জেলায় বিস্তারের জন্য উর্দ্ধতন দপ্তরে প্রেরণ করা যেতে পারে।	গৃহীত ইনোভেশনটি অনুমোদন ও রেলিক্যাবলের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।	ইনচার্জ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


20.02.2022

(জয়া মারীয়া পেরেরা)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রাজশাহী

ও

সভাপতি, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.২২. ১৮/১ (০২)


তারিখ : ০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
৩. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য
৫. -----

ও সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী
(কার্যবিবরণীটি পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)


২০/০২/২২

(সজ্জয় দাস)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী